মব জাস্টিস বরদাশত করছে না সরকার: উপদেষ্টা রিজওয়ানা



উপদেষ্টা রিজওয়ানা হাসান: সংগৃহীত ছবি

সরকার মব জাস্টিস বা গণপিটুনির মতো ঘটনায় কোনওভাবেই সহনশীল নয় বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। তিনি বলেন, "যে বা যারা এই ধরনের ঘটনার সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে।"

শনিবার (১২ জুলাই) সকালে সাভার উপজেলা প্রশাসনের আয়োজনে 'একদিনে এক লাখ গাছ' কর্মসূচির চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

রিজওয়ানা হাসান আরও বলেন, "মব জাস্টিসের ঘটনায় সরকারের কোনও সম্পৃক্ততা নেই। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে এবং অপরাধীদের শনাক্ত করে আইনের আওতায় আনা হচ্ছে। বারবার অন্তর্বর্তী সরকার মব জাস্টিসের বিরুদ্ধে তার অবস্থান স্পষ্ট করেছে।"

উল্লেখ্য, অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার শরফ উদ্দিন আহমদ চৌধুরী, ঢাকা জেলা প্রশাসক তানভীর আহমেদসহ বিভিন্ন দফতরের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

LENS ASIA